



~ স্মরণিকা ~

সংস্কৃত
সভা

VIVEKANANDA COLLEGE, THAKURPUKUR. KOLKATA-63. Friday 13-10-2023

শুভেচ্ছা বার্তা

ঠাকুরপুকুর অঞ্চলের বিবেকানন্দ কলেজ সব সময়ই তাদের কাজের ছাপ রেখে গেছে সমাজের হিতার্থে। তাদের উদ্যোগে এবারে যে মেলার আয়োজন করা হয়েছে তা শুধুমাত্র নিজ কলেজের ছাত্রছাত্রীদেরই উদ্বুদ্ধ করবে তা নয়, পার্শ্ববর্তী অন্যান্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও এর থেকে নিজেদের সৃষ্টিশীল সত্ত্বাকে চিনতে পারবে এবং ভবিষ্যতে চাকরি ছাড়াও ব্যবসা করে নিজেরা স্বনির্ভর হতে সক্ষম হবে।

তাদের এই উদ্যোগ কে সফল করতে ছাত্র-শিক্ষক-শিক্ষাকর্মী সকলের ঐকান্তিক প্রচেষ্টা, কে সাধুবাদ ও শুভেচ্ছা।

শ্রীমতী, রত্না চট্টোপাধ্যায়
বিধায়ক, পূর্ব বেহালা
সভাপতি, কলেজ পরিচালন সমিতি

It gives me immense pleasure to know that Vivekananda College, Thakurpukur, is celebrating an Inter University and College Art and Craft Exhibition "Creative সত্ত্বা". I commend the organizing committee, the faculty, and the students for their dedication and hard work in bringing this exhibition to life. Your efforts are not just enriching the cultural fabric of your institution but also contributing to the empowerment of youth. As you explore the exquisite art and craft on display, I encourage you to not only appreciate the beauty of the pieces but also recognize the entrepreneurial spirit behind them. Your support for these talented students goes beyond admiration; it is an investment in a future where creativity flourishes, and economic independence thrives. In closing, I would like to express my gratitude to everyone who has made this exhibition possible, and to all those who are here to support the students. Your presence and encouragement are invaluable, and I hope that this event will leave you inspired and uplifted.

Wishing you all an enriching and memorable experience at the Inter-College Art and Craft Exhibition.

Sri. Subhasish Chakraborty
Member Rajya Sabha



Edit with WPS Office

সম্পাদকের কলমে

সৃষ্টি সুখের গান...

নবকিশোর চন্দ(টি.আই.সি)

"Creative সত্ত্বা" নামের সাথে জড়িয়ে আছে নিজস্বতার ছোঁয়া, এই নিজস্বতা একান্ত নিজের সৃষ্টি। বিবেকানন্দ কলেজ ঠাকুরপুকুরের আই কিউ এ সি , ইডিসি এবং ছাত্র সংসদের উদ্যোগে তিন দিনব্যাপী এক শিল্প প্রদর্শনের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানের মুখ্য উদ্দেশ্য ছাত্র-ছাত্রীদের সৃজনশীল মনকে বিকশিত করা, যাতে তারা তাদের ভিতরে লুকিয়ে থাকা সৃষ্টিশীল সত্ত্বা কে চিনতে পারে। প্রারম্ভিক উদ্যোগ নেওয়া হয়েছিল ২০২২ এ। "পরিচয়" নামের আমাদের শিল্প প্রদর্শনশালায় একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। এই বছরের শুরুর দিকে "প্রচেষ্টা" নামের একটি স্থায়ী স্টলের ব্যবস্থা করা হয় কলেজ প্রাঙ্গণে, সেখানে এখন ছাত্রছাত্রীরা তাদের হাতে তৈরি খাদ্য সামগ্রী থেকে ঘর সাজানোর টুকিটাকি কলেজের অন্যান্য ছাত্র-ছাত্রী অধ্যাপক অধ্যাপিকা এবং শিক্ষা কর্মীদের সামনে তুলে ধরছে এবং ন্যায্য মূল্যে তারা তা বিক্রি করে উপার্জন করছে। এমনই শুভ উদ্যোগকে আরো একটু বৃহৎ পরিসরে ছড়িয়ে দিতে কলেজের পক্ষ থেকে ১৫ই থেকে ১৭ই অক্টোবর ২০২৩ একটি আন্ত কলেজ ও বিশ্ববিদ্যালয় শিল্প প্রদর্শনী আয়োজন করা হয়েছে, যেখানে কলেজের বিভিন্ন বিভাগীয় ছাত্র-ছাত্রীরা এবং বহিরাগত বেশ কিছু কলেজের ছাত্রছাত্রীরা অংশ নিয়েছে। শুধুমাত্র অংশগ্রহণেই তারা নিজেদের দায় মুক্ত হয়েছেন এমন নয় আমাদের এই উদ্যোগকে সাধুবাদ ও জানিয়েছে। লেখাপড়ার চাপ, পরীক্ষা এইসবের মাঝে একটু অক্সিজেন পেতে আমরা সকলেই আগ্রহী। বাতাসে ভাসছে পুজোর গন্ধ অথচ প্রকৃতি বাম। সব প্রতিকূলতাকে বুড়ো আঙ্গুল দেখিয়ে আমরা প্রস্তুত আগমনীর শুভক্ষণে আমাদের এই উদ্যোগকে সর্বজনীন করে তুলতে। ৩০ টি অস্থায়ী স্টলে ন্যায্য মূল্যে বিক্রি হবে ছাত্রছাত্রীদের সৃজনশীলতার ফসল। তাদের দেখে উদ্বুদ্ধ হবে আরও অনেকে। সৃষ্টিশীল মন পুষ্ট হবে হয়তো ভবিষ্যতে নিজের আত্মসত্ত্বায় উকি মেরে তারা দেখতে পারে তার মনের কোণে আছে কিনা সৃষ্টি সুখের গান। আমাদের চিত্র প্রদর্শনী এবার দ্বিতীয় বছরে পা রাখলো, আর creative সত্ত্বা সদ্যোজাত। সকলের সহযোগিতায় তরতর করে এগিয়ে চলুক আমাদের এই প্রচেষ্টা।



The Goals...

Dr. Gunjan Dhar (Member, organising committee)

It is a moment of sheer delight and pride for Vivekananda College, Thakurpukur, to celebrate the Inter University and College Art and Craft Exhibition "Creative স্বত্ত্বা". We, the members of the organising committee, would like to extend a warm welcome to all of you to the vivid and colourful world of art and craft at our esteemed institution. Art has always been a powerful medium of expression, transcending boundaries and resonating with the deepest emotions of the human soul. In our ever-evolving world, where technology often takes center stage, it's refreshing to witness the enduring allure of traditional art forms and craftsmanship. Our exhibition brings together a diverse array of styles and techniques and is a kaleidoscope of talents and traditions. From delicate strokes of watercolour to the bold expressions of oil painting, intricate details of pottery to the whimsy of papercraft, intricate jewellery crafted with love to beautifully handwoven textiles, Eco-friendly home décor to meticulously folded origami the range of artistic expression is boundless. Each piece tells a unique story and invites you to step into the mind of the creator. This exhibition is a manifestation of our belief that creative talents should not just remain on display but should also be nurtured and supported. It is not only a celebration of students' artistic prowess but also an opportunity to provide them with the support they need to turn their creativity into a sustainable source of income. By hosting this exhibition, we aim to provide a platform for budding artists to share their talents with a wider audience. It is our hope that this event will inspire and encourage a new generation of artists to explore their creative potential.

We would like to extend our heartfelt thanks to all the participants, artists, faculty, and volunteers who have dedicated their time and effort to make this event a reality. Without your passion and commitment, none of this would be possible.

নব আনন্দে জাগো...

টুসি মিস্ত্রী (মেম্বার, অর্গানাইজিং কমিটি)

"আশ্বিনের মাঝামাঝি উঠিল বাজনা বাজি, পূজার সময় এল কাছে"। রাত পোহালে পিতৃপক্ষের অবসান আর দেবী পক্ষের সূচনা। চারিদিকে তাই সাজ সাজ রব, ধ্বনিত হচ্ছে আবাহনের সুর। আনন্দ মুখর পরিবেশ। বিবেকানন্দ কলেজের ছাত্র-ছাত্রীরা সবার সাথে সেই আনন্দ ভাগ করে নেওয়ার জন্য প্রস্তুত। এই আনন্দ সৃষ্টির আনন্দ, আত্ম নির্ভরতার আনন্দ। বিবেকানন্দ কলেজ কখনোই কেবল পড়াশুনার গণ্ডির মধ্যে আবদ্ধ থাকেনি। এই কলেজের পক্ষ থেকে সর্বদা চেষ্টা করা হয়েছে ছাত্র-ছাত্রীদের সর্বাঙ্গীণ প্রতিভার বিকাশ ঘটাতে। আর সে জন্যই **Creative স্বত্ত্বা**। তিন দিন ব্যাপি এক বিশাল কর্মযজ্ঞ। কলেজের প্রাঙ্গণ যেন ত্রিবেণী সঙ্গম। শিক্ষা প্রতিষ্ঠানে একই মেলায় থাকছে চিত্র প্রদর্শনী, শিল্প প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মেলবন্ধন। আর রসনা তৃপ্তি না হলে মেলা তার আসল রূপ পায় না। ব্যতিক্রম নয় এই মেলাও। এখানে মিলবে হরেক স্বাদের খাবার, যা সম্পূর্ণ রূপে তৈরি আমাদের ছাত্র-ছাত্রীদের হাতে। কলেজের উদ্যোগ কে সফল করতে ছাত্র-ছাত্রী-শিক্ষক-শিক্ষিকার্মী সকলে কাঁধে কাঁধ মিলিয়ে জোর কদমে কাজে লেগে পরেছে। এক রাশ প্রতিভার ঝুলি নিয়ে সম্পূর্ণ বিনোদনের



পরিবেশ তৈরি করার এ এক অনন্য প্রয়াস।

মেলার আবহে...

সুমনা সাহা দাস

(অধ্যাপিকা, সাংবাদিকতা বিভাগ)

প্রাক দুর্গোৎসব আবহে কলকাতা মহানগরীর মত বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর এক অভিনব আয়োজনে সেজে উঠেছে। ১৫ অক্টোবর কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হতে চলেছে 'Creative সত্ত্বা' নামক মেলা। মেলা চলবে ১৭ অক্টোবর পর্যন্ত। কলেজের ছাত্রছাত্রীদের হাতে তৈরি নানা উপকরণ, ভিন্ন স্বাদের খাবার নিয়ে প্রায় ৩০ টির বেশি স্টল থাকবে। শেষ নয় এখানেই, মেলার সাথেই তিন দিনই 'বলাকা' মুক্তমঞ্চ থাকবে রকমারি সাংস্কৃতিক অনুষ্ঠান।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজগুলির মধ্যে প্রথমবার দক্ষিণ কলকাতার বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর তাদের আরো রকমারি শৈল্পিক উদ্যোগের মতো ছাত্র-ছাত্রীদের মিলিত প্রয়াসে আয়োজন করছে এই মিলনোৎসবের। এরই পাশাপাশি বিশেষ আকর্ষণ রূপে কলেজের শিল্প প্রদর্শনীশালা 'পরিচয়'- এ থাকছে কলেজের শিক্ষক ও ছাত্র ছাত্রীদের হাতে আঁকা আকর্ষণীয় চিত্র প্রদর্শনী। পড়াশোনার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের মধ্যে শৈল্পিক ভাবনা ও স্বনির্ভরতার মনোভাবকে উৎসাহিত করতে বিবেকানন্দ কলেজ ঠাকুরপুকুরের এই আয়োজন নজিরবিহীন।

চলার পথে...

সুজিত সরকার

(প্রাক্তন ছাত্র ও শিক্ষাকর্মী)

বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুরের প্রাক্তন ছাত্র এবং বর্তমানে এই কলেজের শিক্ষাকর্মী হিসেবে আমি কলেজের এই নতুন প্রয়াস "Creative সত্ত্বা"র অংশ হতে পেয়ে গর্বিত। কলেজ আমাদের বরাবরই খুব কাছের, আমাদের "Second Home" যাকে বলে। এবছর আমাদের কলেজে অনুষ্ঠিত হতে চলেছে আন্ত কলেজ ও মহাবিদ্যালয় হস্তশিল্প মেলা। পূজোর ঠিক আগে আমাদের কলেজ প্রাঙ্গণ সেজে উঠছে সৃষ্টিশীলতার পসরা সাজিয়ে। বিবেকানন্দ কলেজ আর অন্যান্য কলেজের ছাত্রছাত্রীরা তাদের নিজেদের হাতে তৈরি নানান জিনিস দিয়ে সাজিয়ে তুলবে কলেজ প্রাঙ্গণ। পঠনপাঠনের সাথে সাথে এই ধরনের উদ্যোগ ছাত্রছাত্রীদের ভবিষ্যত গড়তে অবশ্যই সাহায্য করবে। ছাত্র জীবন থেকে কর্ম জীবন এই দীর্ঘ ১৪ বছরের সঙ্গী আমার কলেজ সাফল্যের শিখরে পৌঁছোক এই আশা রাখি।

☆ ORGANISING COMMITTEE ☆

*Nabakishore Chanda
Tushi Mistry
Dr. Gunjan Dhar
Dr. Homprobha Barua
Pragya Bhattacharjee
Dipanjana Basu Majumder
Sumona Mukherjee
Sumi Karmakar
Sushobhon Payn
Sujit Sarkar*





Edit with WPS Office